সংবাদ

তারিখ ১৬।১২।৮১
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

049

# 'ধর্মঘট অব্যাহত থাকবে ও মহাবিক্ষোভের কর্মসূচী অপরিবর্তিত'

(নিজস্ব বার্তা পরিবেশক)

প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ বলেছেন যে, প্রাথমিক শিক্ষকদের ধর্মঘট অব্যাহত এবং মহাবিক্ষোভের কর্মসূচী অপরিবর্তিত থাকবে।

প্রাথমিক শিক্ষা সম্পর্কিত সরকারী অধ্যাদেশ সম্পর্কে তাঁর প্রতিক্রিয়া জানতে চাওয়া হলে তিনি একথা বলেন। তিনি বলেন, সরকার যে ধরনের প্রচার চালাচ্ছেন, তা বিভ্রান্তিকর ও প্রতারণামূলক। কারণ, ১১ সদস্যবিশিষ্ট কমি- টির সুপারিশের সাথে সরকারী অধ্যাদেশের কোন মিল নেই। এই অধ্যাদেশ দ্বারা প্রাথমিক শিক্ষকদের চাকরি পুরোপুরি বেসরকারী ও নিরাপত্তাহীন করা হয়েছে। দাবী আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘট চালিয়ে যাবার জন্য তিনি প্রাথমিক শিক্ষকদের প্রতি আহবান জানান।